information and privacy commission
new south wales

# NSW-এ সরকারী তথ্য জানার ক্ষেত্রে আপনার অধিকার

তথ্য পত্র
জুন ২০১৪

সরকারী তথ্য জানার (পাবলিক অ্যাকসেস) আইন ২০০৯ *(Government Information (Public Access) Act 2009)* অথবা 'GIPA আইনের' অধীনে NSW – এ সরকারী তথ্য জানার বলপ্রয়োগ উপযোগী আইনগত অধিকার আপনার রয়েছে, যদি না এই তথ্য উন্মুক্তকরণকে বাতিল করার জন্য সর্বসাধারনের কোন মঙ্গল বা স্বার্থ জড়িত থাকে।

## GIPA আইনটি কি?

সরকারী দপ্তরসমূহ থেকে কিভাবে আপনি তথ্য সংগ্রহের সুযোগ পান সে বিষয়ে GIPA আইন নীতিমালা গঠন করে। সরকারী তথ্যের মধ্যে থাকতে পারে যে কিভাবে একটি সরকারী দপ্তর এই বিষয়ে কাজ করে অথবা একটি সরকারী দপ্তর কিভাবে আপনার ব্যক্তিগত তথ্য জমা রাখে। কিছু তথ্য অবশ্য এর বহির্ভূত যেমন কেউ যদি ৩০ বছরের বেশী সময় ধরে মারা যায় সেক্ষেত্রে তার সম্পর্কে কোন তথ্য থাকবে না।

## কাদের ক্ষেত্রে এটা প্রযোজ্য?

GIPA আইন NSW–এর সকল জনসেবা মূলক প্রতিষ্ঠান সমূহের জন্য প্রযোজ্য, যাদের মধ্যে রয়েছে:

- সরকারী বিভাগসমূহ
- স্থানীয় পরিষদ
- প্রাদেশিক মালিকানাধীন ব্যবসাসমূহ
- বিশ্ববিদ্যালয়সমূহ
- মন্ত্রীমহোদয়গণ এবং তাদের কর্মকর্তাগণ

## সরকারী তথ্য আমি কিভাবে জানতে পারি?

দুটি কাজ আপনি করতে পারেন:

১. আপনি যে তথ্যটি চাইছেন তা দপ্তরের ওয়েবসাইটে গিয়ে খুঁজে দেখুন যে তা প্রকাশ্যভাবে দেয়া আছে কি না

**অথবা**

১. ঐ দপ্তরের গ্রাহক সেবায় নিয়োজিত কর্মকর্তার সাথে যোগাযোগ করুন। তারা তথ্য দিতে ব্যর্থ হলে তাদেরকে বলুন যে আপনি তাদের তথ্য জানার অধিকার বিষয়ক কর্মকর্তার (Right to Information Officer) সাথে কথা বলতে ইচ্ছুক।

*দ্রষ্টব্য: যে সরকারী দপ্তরের কাছে আপনি বিশ্বাস করেন যে আপনার চাওয়া তথ্যটি আছে তাদের সাথে যোগাযোগ করার প্রয়োজন হতে পারে।*

## দপ্তরগুলো কিভাবে তথ্য প্রদান করবে?

১. একটি দপ্তরের ওয়েবসাইটে অনেক তথ্য প্রকাশ্যে দেয়া থাকে। কিন্তু আপনার যদি ইন্টারনেটের ব্যবস্থা না থাকে সেক্ষেত্রে একটি কপির জন্য আপনি অনুরোধ করতে পারেন। এটি অবশ্যই বিনামূল্যে প্রদান করা হবে।

১. দপ্তরসমূহ তাদের ওয়েবসাইটে সব ধরনের তথ্য প্রকাশ করার প্রয়োজন মনে করে না, কিন্তু তা স্বত্তেও অনেক ধরনের তথ্য এখনও তাদের ওয়েবসাইটে থাকা উচিৎ যদি না এই তথ্য উন্মুক্তকরণকে বাতিল করার জন্য সর্বসাধারনের কোন মঙ্গল বা স্বার্থ জড়িত থাকে। দপ্তরের তথ্য জানার অধিকার বিষয়ক কর্মকর্তা (Right to Information Officer) আপনাকে জানাবেন কিভাবে এবং কোথায় এই তথ্য বিনামূল্যে অথবা সর্বনিম্ন ন্যায্য মূল্যে পাওয়া যাবে।

২. এটি যদি হয় আপনার ব্যক্তিগত তথ্য এবং তা সহজেই খুঁজে পাওয়া যায় সেক্ষেত্রে দপ্তর বিনামূল্যে আপনাকে তা প্রদান করবে - একে বলে "অনানুষ্ঠানিক প্রকাশ" (informal release)।

৩. আপনি যদি কোনভাবেই তথ্য সংগ্রহ করতে না পারেন সেক্ষেত্রে আপনি আনুষ্ঠানিকভাবে একটি আবেদন করতে পারেন।

## আমি আনুষ্ঠানিকভাবে একটি আবেদনপত্র (formal application) কিভাবে দাখিল করতে পারি?

এই আবেদনপত্র অ্যাকসেস আবেদন (access application) নামেও পরিচিত এবং আপনি দপ্তরকে জিজ্ঞাসা করতে পারেন যে তাদের কোন আবেদনপত্র আছে কি না। অনেক সময় তাদের ওয়েবসাইট থেকে আবেদনপত্র ডাউনলোড করা যায়। অন্যথায়, আপনি আপনার আবেদনপত্র দাখিল করতে পারেন। যে উপায়েই দাখিল করা হোক না কেন, একটি আবেদনপত্র তখনই বৈধ হিসাবে গণ্য হবে যখন তা নিম্নোক্ত প্রয়োজনসমূহ মিটাতে সক্ষম হবে:

- লিখিতভাবে আবেদনপত্র জমা দিন এবং ঐ দপ্তরের নিকট জমা দিন যাদের কাছে আপনি মনে করেন যে আপনার তথ্য সংরক্ষিত আছে
- উল্লেখ করুন যে আপনি GIPA আইনের অধীনে অ্যাকসেস আবেদনপত্র দাখিল করছেন
- আবেদনপত্রের খরচ হিসাবে ৩০ ডলার সংযোজন করুন
- আপনার ডাক যোগাযোগের ঠিকানা উল্লেখ করুন
- আপনি যে তথ্যের জন্য অনুরোধ করছেন তা পরিস্কার পরিভাষায় ব্যাখ্যা করুন যাতে করে দপ্তর সেই তথ্য চিহ্নিত করতে পারে

## তথ্য জোগাড়ে কত খরচ পড়বে?

একটি আনুষ্ঠানিক আবেদন পত্রের জন্য ৩০ ডলার খরচ পরে। ফি প্রদান না করা হলে আপনার আবেদনপত্র অগ্রাহ্য বলে গণ্য হবে।

প্রসেসিং-এর জন্য খরচ লাগতে পারে (প্রতি ঘন্টায় ৩০ ডলার)। যদি জিজ্ঞাসিত তথ্য আবেদনকারীর ব্যক্তিগত বিষয়ক হয় সেক্ষেত্রে প্রথম ২০ ঘন্টার প্রসেসিং ফি মওকুফ করা হবে।

প্রসেসিং ফি সম্পর্কে তথ্য সাধারনত দপ্তরের ওয়েবসাইটে পাওয়া যায়, অথবা সাহায্যের জন্য দপ্তরের তথ্য জানার অধিকার বিষয়ক কর্মকর্তার (Right to Information Officer) সাথে কথা বলুন।

# NSW-এ সরকারী তথ্য  জানার ক্ষেত্রে আপনার অধিকার

## আমি যদি ফি দিতে না পারি তাহলে কি হবে?

আবেদনপত্র জমা দেয়ার আগে দপ্তরের সাথে কথা বলুন এবং জিজ্ঞাসা করুন তারা আপনাকে সাহায্য করতে পারবে কি না। GIPA আইনের অধীনে আরোপিত কোন ফি ধার্যকৃত মূল্য উঠিয়ে দিতে, কমাতে বা ফেরৎ দিতে দপ্তরের একটি সাধারন ক্ষমতা আছে।

## আমার আবেদনপত্রের জন্য কতদিন সময় লাগবে?

- দপ্তর আবেদনপত্র গ্রহনের ২০ কার্য দিবসের মধ্যে আপনার আবেদনপত্র চূড়ান্ত করা হয়
- দপ্তর যদি অন্য ব্যক্তির সাথে কথা বলে অথবা যদি খুঁজে পায় যে তথ্যটি নথিপত্রে/আর্কাইভে সংরক্ষিত আছে তাহলে আরও অতিরিক্ত ১০-১৫ কার্য দিবস লাগতে পারে।
- যদি এর চেয়ে বেশী সময় লাগে তাহলে দপ্তর অবশ্যই আপনার টাকা ফিরিয়ে দেবে।

## আমি যে তথ্য চাইছি তা না পেলে কি হবে?

দপ্তরের সিদ্ধান্তে আপনি অসন্তুষ্ট হলে আপনি যা করতে পারেন তা হল:

পছন্দ ১: সিদ্ধান্তের সংবাদ আপনাকে জানানোর ২০ কার্যদিবসের মধ্যে দপ্তর কর্তৃক একটি আভ্যন্তরীন পর্যালোচনার জন্য অনুরোধ করতে পারেন।

পছন্দ ২ক: *সিদ্ধান্তের সংবাদ আপনাকে জানানোর ৪০ কার্যদিবসের মধ্যে তথ্য কমিশনারের (Information Commissioner) দ্বারা একটি বর্হিগত পর্যালোচনার জন্য অনুরোধ করতে পারেন।*

**অথবা**

পছন্দ ২খ: সিদ্ধান্তের সংবাদ আপনাকে জানানোর ৪০ কার্যদিবসের মধ্যে নিউ সাউথ ওয়েল্‌স সিভিল এবং প্রশাসনিক ট্রাইবুন্যাল (NSW Civil and Administrative Tribunal - NCAT) দ্বারা একটি বর্হিগত পর্যালোচনার জন্য অনুরোধ করতে পারেন।

## পছন্দ ১: আভ্যন্তরীন পর্যালোচনার প্রক্রিয়া

দপ্তরের নেয়া সিদ্ধান্ত আপনাকে জানানোর ২০ কার্যদিবসের মধ্যে আভ্যন্তরীন পর্যালোচনার জন্য আপনি দপ্তরকে অনুরোধ করতে পারেন।

আপনি যে দপ্তরের নিকট আবেদনপত্র জমা দিয়েছিলেন তারাই আভ্যন্তরীন পর্যালোচনা করে। যে কর্মকর্তা প্রথমে সিদ্ধান্ত দিয়েছিল তার থেকে উপরের পদবীর কোন কর্মকর্তাকে দিয়ে অবশ্যই এই পর্যালোচনা করা হবে।

যদি একজন মন্ত্রী বা তার ব্যক্তিগত অফিসার বা কোন দপ্তরের প্রধান অফিসার কোন সিদ্ধান্ত দিয়ে থাকে তার উপর আপনি কোন পর্যালোচনার আবেদন করতে পারবেন না। তথাপি, তথ্য কমিশনার (Information Commissioner) বা NCAT দ্বারা বর্হিগত পর্যালোচনার জন্য আবেদন করতে পারেন (পছন্দ ২ক এবং ২খ দেখুন)।

এই আবেদনের জন্য ৪০ ডলার ফি দিতে হয়। তবে কিছু ক্ষেত্রে আভ্যন্তরীন পর্যালোচনার জন্য ফি নেয়া হয় না, যেমন যখন ঠিক সময়ে প্রসেসিং করতে না পারার কারনে সিদ্ধান্ত যদি বাতিল বলে গন্য (deemed refusal) হয় অথবা তথ্য কমিশনার যদি দপ্তরকে এর সিদ্ধান্ত পুন:বিবেচনার জন্য আভ্যন্তরীন পর্যালোচনা করার সুপারিশ করেন।

আপনার আবেদনপত্র পাওয়ার ৫ কার্যদিবসের মধ্যে দপ্তর তা আপনাকে জানাবে এবং আভ্যন্তরীন পর্যালোচনা ১৫ কার্যদিবসের মধ্যে সম্পন্ন করবে (অনেক সময় অতিরিক্ত ১০ কার্যদিবস লাগতে পারে যদি ৩য় পক্ষের সাথে আলোচনা করার দরকার পড়ে)।

## পছন্দ ২ক: বর্হিগত তথ্য কমিশনার (Information Commissioner) দ্বারা পর্যালোচনা করা

দপ্তরের সিদ্ধান্তে আপনি অসন্তুষ্ট হলে তথ্য কমিশনার দ্বারা পর্যালোচনার জন্য অনুরোধ করতে পারেন।

আপনিই যদি সেই ব্যক্তি হন যিনি তথ্য জানার জন্য আবেদন করছেন, তাহলে তথ্য কমিশনারকে পর্যালোচনা করার পূর্বে আপনাকে আভ্যন্তরীন পর্যালোচনা করার দরকার হবে না।

আপনিই যদি সেই ব্যক্তি না হন যিনি তথ্য জানার জন্য আবেদন করছেন, তাহলে সিদ্ধান্ত অবশ্যই আভ্যন্তরীনভাবে আগে পর্যালোচনা করা হবে, তারপর তথ্য কমিশনারকে পর্যালোচনা করার অনুরোধ করতে হবে। কিন্তু যখন আভ্যন্তরী ন পর্যালোচনা করা যাবে না (কারন একজন মন্ত্রী, তার ব্যক্তিগত কর্মকর্তা অথবা কোন দপ্তরের প্রধান অফিসার সিদ্ধান্ত দিয়েছেন) তখন আপনি তথ্য কমিশনারের মাধ্যমে পর্যালোচনা করার সরাসরি আবেদন করতে পারেন।

আপনাকে সিদ্ধান্ত জানানোর ৪০ কার্যদিবসের মধ্যে তথ্য কমিশনারের দ্বারা একটি পর্যালোচনার জন্য অনুরোধ করতে পারেন। পর্যালোচনা করে তথ্য কমিশনার দপ্তরের সিদ্ধান্তের ব্যাপারে সুপারিশ দিতে পারেন।

দ্রষ্টব্য: *NCAT দ্বারা পর্যালোচিত হচ্ছে বা পর্যালোচিত হয়েছে এমন সিদ্ধান্তের উপর পুনরায় পর্যালোচনার জন্য আপনি তথ্য কমিশনারকে অনুরোধ করতে পারেন না।*

## পছন্দ ২খ: NCAT দ্বারা বর্হিগত পর্যালোচনা করা

দপ্তরের সিদ্ধান্তে আপনি অসন্তুষ্ট হলে নিউ সাউথ ওয়েল্‌স সিভিল এবং প্রশাসনিক ট্রাইবুন্যাল (NSW Civil and Administrative Tribunal - NCAT) দ্বারা একটি বর্হিগত পর্যালোচনার জন্য অনুরোধ করতে পারেন।

আপনাকে সিদ্ধান্ত জানানোর ৪০ কার্যদিবসের মধ্যে NCAT দ্বারা পর্যালোচনার জন্য আবেদন করতে হবে। কিন্তু আপনি যদি তথ্য কমিশনারের (Information Commissioner) নিকট পর্যালোচনার জন্য আবেদন করে থাকেন তাহলে ঐ আবেদনের ফলাফল পাবার ২০ কার্যদিবসের মধ্যে আপনাকে NCAT-এর কাছে আবেদন করতে হবে।

দ্রষ্টব্য: *NCAT দ্বারা একটি পর্যালোচনার জন্য আবেদন করার পূর্বে প্রাপ্ত সিদ্ধান্ত আভ্যন্তরীনভাবে অথবা তথ্য কমিশনার দ্বারা পর্যালোচনা করার দরকার হবে না।*

## IPC সম্পর্কে তথ্য

তথ্য এবং গোপনীয়তা কমিশন (Information and Privacy Commission - IPC) একটি স্বাধীন, সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ যা নিউ সাউথ ওয়েল্‌স-এর সরকারী তথ্য জানার এবং এর গোপনীয়তা সংক্রান্ত আইনসমূহ নিয়ে কাজ করে।

## IPC-এর সাথে যোগাযোগ

আমাদের অফিসের সময়সূচী সকাল ৯টা হতে বিকাল ৫টা, সোমবার থেকে শুক্রবার (সরকারী ছুটির দিন ছাড়া)

Level 17, 201 Elizabeth Street, Sydney NSW 2000
Post: GPO Box 7011, Sydney NSW 2001
ফোন: 1800 IPC NSW (1800 472 679)
Email: ipcinfo@ipc.nsw.gov.au
Web: www.ipc.nsw.gov.au
Fax: (02) 8114 3756

## সরকারী দপ্তর থেকে কিভাবে তথ্য পেতে পারি?

**যাচাই করে দেখুন যে তথ্য আপনি খুঁজঁছেন তা ইতিমধ্যেই প্রকাশ্যভাবে দেয়া আছে কি না।**
দপ্তরের ওয়েবসাইট খুঁজে দেখুন বা তাদের গ্রাহক সেবায় নিয়োজিত দল এবং/অথবা তথ্য জানার অধিকার বিষয়ক কর্মকর্তার (Right to Information Officer) সাথে যোগাযোগ করুন।

↓ না

**দপ্তরকে জিজ্ঞাসা করুন তারা অনানুষ্ঠানিকভাবে আপনার কাছে তথ্য প্রকাশ করবে কি না।**
দপ্তরের গ্রাহক সেবায় নিয়োজিত দল এবং/অথবা তথ্য জানার অধিকার বিষয়ক কর্মকর্তার (Right to Information Officer) সাথে যোগাযোগ করুন।

↓ না

**সরকারী তথ্য জানার (পাবলিক অ্যাকসেস) *(Government Information (Public Access) Act 2009 (GIPA Act)* আইনের অধীনে আনুষ্ঠানিকভাবে আবেদনপত্র পূরণ করুন।** (নীচের ধাপগু লো লক্ষ করুন)

### আনুষ্ঠানিকভাবে আবেদনপত্র দাখিল করা:

**দপ্তরের হয়ত নির্দিষ্ট কোন আবেদনপত্র আছে যা তাদের ওয়েবসাইটে পাওয়া যাবে।**

না →

**যদি না হয়:**
- লিখিতভাবে আবেদনপত্র জমা দিন এবং ঐ দপ্তরের নিকট জমা দিন যাদের কাছে আপনি মনে করেন যে আপনার তথ্য সংরক্ষিত আছে
- উল্লেখ করুন যে আপনি GIPA আইনের অধীনে অ্যাকসেস আবেদনপত্র দাখিল করছেন
- আবেদনপত্রের খরচ হিসাবে ৩০ ডলার সংযোজন করুন (নীচে লক্ষ্য করুন)
- আপনার ডাক যোগাযোগের ঠিকানা উল্লেখ করুন
- আপনি যে তথ্যের জন্য অনুরোধ করছেন তা পরিষ্কার পরিভাষায় ব্যাখ্যা করুন যাতে করে দপ্তর সেই তথ্য চিহ্নিত করতে পারে

↓ হ্যাঁ

**আবেদনপত্রের ফি ৩০ ডলার**
(এই ফি প্রদান করা না হলে আবেদনপত্র অবৈধ হিসাবে গণ্য করা হবে। কিছু সীমিত পরিস্থিতিতে একটি দপ্তর এই ফি উঠিয়ে দিতে পারে বা কমাতে পারে।)

↓ হ্যাঁ

**আপনার আবেদন ২০ কার্যদিবসের মধ্যে সম্পন্ন করা হবে।**
(দপ্তর যদি অন্য ব্যক্তির সাথে পরামর্শ করে অথবা যদি খুঁজে পায় যে তথ্যটি নথিপত্রে/আর্কাইভে সংরক্ষিত আছে তাহলে আরও অতিরিক্ত ১০-১৫ কার্যদিবস লাগতে পারে)। **এক্ষেত্রে প্রসেসিং ফি লাগতে পারে, লাগলে অবশ্য আপনাকে জানানো হবে। দপ্তরের সিদ্ধান্ত লিখিতভাবে আপনাকে জানানো হবে।**

### একটি দপ্তরের দেয়া সিদ্ধান্তের পর্যালোচনা:

**আপনি যদি সিদ্ধান্তে সন্তুষ্ট না হন অথবা দপ্তর সময়মত সিদ্ধান্ত দিতে অপরাগ হয় তাহলে পর্যালোচনা করার অধিকার আপনার আছে।** দপ্তরের কাছে আভ্যন্তরীন পর্যালোচনার জন্য আবেদন করার সুযোগ আপনার আছে। এছাড়াও আপনি তথ্য কমিশনার (Information Commissioner) এবং নিউ সাউথ ওয়েল্স সিভিল এবং প্রশাসনিক ট্রাইবুন্যাল (NSW Civil and Administrative Tribunal - NCAT) -এর কাছেও পর্যালোচনার জন্য আবেদন করতে পারেন। কিন্তু NCAT কর্তৃক নেয়া সিদ্ধান্তের উপর তথ্য কমিশনার কোন পর্যালোচনা করতে পারে না।

→ **পছন্দ ১: একটি আভ্যন্তরীন পর্যালোচনার জন্য অনুরোধ**
যখন দপ্তরের একজন কর্মকর্তা আপনার আবেদনপত্র মূল্যায়ন করে। এর জন্য ফি হল ৪০ ডলার (যদি দপ্তর সময়মত প্রথম সিদ্ধান্ত দিতে না পারে ।)

→ **পছন্দ ২ক: তথ্য কমিশনারের দ্বারা একটি বর্হিগত পর্যালোচনার জন্য অনুরোধ করা।** এই অনুরোধের জন্য ফর্ম আমাদের ওয়েবসাইটে আছে। এর জন্য কোন ফি নাই।

→ **পছন্দ ২খ: NCAT দ্বারা একটি বর্হিগত পর্যালোচনার জন্য অনুরোধ করা।**
চার্জ প্রযোজ্য। অনুগ্রহ করে বর্তমান প্রযোজ্য ফিয়ের জন্য NCAT ওয়েবসাইট দেখুন।

*দ্রষ্টব্য: এই তথ্য পত্রে প্রদত্ত তথ্যসমূহ একটি নির্দেশিকা মাত্র। প্রতিটি আলাদা ক্ষেত্রবিশেষে আইনগত উপদেশ নেয়া উচিৎ।*